

২০২৩

বাংলা - এম.ডি.সি.

পত্র : CC-1

[বাংলা সাহিত্যের ইতিহাস (১৮০০ খ্রি. পর্যন্ত)]

পূর্ণমান - ৭৫

MURALIDHAR GIRLS' COLLEGE  
LIBRARY

প্রাপ্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।

উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

- ১। (ক) বাংলা সাহিত্যের আদিপর্ব বলতে কী বোঝ? এই পর্বের সাহিত্যের গতিপ্রকৃতি কীরকম ছিল নিদর্শনসহ বুঝিয়ে দাও।  
২+১০+৩  
অথবা,  
(খ) 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যটির রচয়িতা কে? কাব্যটির আবিষ্কারক, আবিষ্কারকাল, প্রকাশকাল ও প্রকাশনা সংস্থার নাম লেখো এবং কাব্যটির সাহিত্যিক মূল্য আলোচনা করো।  
১+৪+১০
- ২। (ক) বাংলা ভাষায় রামায়ণের শ্রেষ্ঠ অনুবাদকের আবির্ভাবকাল ও পরিচয় সংক্ষেপে উল্লেখ করে তাঁর কাব্যের বিশিষ্টতা সম্পর্কে আলোচনা করো।  
৫+১০  
অথবা,  
(খ) 'শ্রীচৈতন্যচরিতামৃত' গ্রন্থের কবি কে? তাঁর কাব্যপ্রতিভার পরিচয় দাও।  
১৫
- ৩। (ক) ধর্মঠাকুরের স্বরূপ উল্লেখ করে ধর্মমঙ্গল কাব্যধারায় শ্রেষ্ঠ কবির কৃতিত্বের মূল্যায়ন করো।  
৫+১০  
অথবা,  
(খ) মধ্যযুগের বাংলা সাহিত্যে আরাকান রাজসভার গুরুত্ব উল্লেখ করে সৈয়দ আলাওলের কবিপ্রতিভার পরিচয় দাও।  
৫+১০
- ৪। (ক) চর্যার ভাষাকে 'সাম্ব্যভাষা' বা 'সন্ধ্যভাষা' বলার কারণ নির্দেশ করো।  
৫  
অথবা,  
(খ) 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যে 'চণ্ডীদাস সমস্যা' বলতে কী বোঝ?  
৫
- ৫। (ক) 'শ্রীকৃষ্ণবিজয়' গ্রন্থটির রচয়িতার নাম উল্লেখ করে গ্রন্থটির গুরুত্ব আলোচনা করো।  
১+৪  
অথবা,  
(খ) জ্ঞানদাসকে 'চণ্ডীদাসের ভাবশিষ্য' বলার যৌক্তিকতা কোথায়?  
৫

Please Turn Over

- ৬। (ক) 'অন্নদামঙ্গল' কাব্যটি 'নূতনমঙ্গল' নামে পরিচিত হয়ে ওঠার কয়েকটি উল্লেখযোগ্য কারণ লিপিবদ্ধ করো। ৫
- অথবা,
- (খ) শ্যামাসংগীত রচনায় রামপ্রসাদ সেনের কৃতিত্ব কতখানি সংক্ষেপে আলোচনা করো। ৫
- ৭। পূর্ণবাক্যে সংক্ষেপে উত্তর দাও। ১×১৫
- (ক) চর্যাপদের সংস্কৃত টীকাকারের নাম কী?
- (খ) চর্যাপদের তিব্বতী অনুবাদ কে আবিষ্কার করেন?
- (গ) 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যে সখী-দূতী ও অভিভাবিকাস্বরূপা হিসাবে পরিচিতা কে?
- (ঘ) 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যের মধ্যে একটি টুকরো কাগজে কোন শব্দটি পাওয়া গিয়েছিল?
- (ঙ) কবীন্দ্র পরমেশ্বর কোন কাব্যের অনুবাদ করেছিলেন?
- (চ) কুন্ডিবাসী রামায়ণের প্রকৃত নাম কী?
- (ছ) মনসামঙ্গল কাব্যের একজন কবির নাম লেখো।
- (জ) বাংলা ভাষায় রচিত সর্বপ্রথম চৈতন্যজীবনী গ্রন্থটির নাম লেখো।
- (ঝ) ব্রজবুলি ভাষায় কে পদ রচনা করেছিলেন?
- (ঞ) 'অন্নদামঙ্গল' কাব্যের দ্বিতীয় খণ্ডটির নাম কী?
- (ট) মহম্মদ সগীরের গ্রন্থটির নাম উল্লেখ করো।
- (ঠ) 'তোহফা' ক্বার লেখা গ্রন্থ?
- (ড) রামপ্রসাদ সেনের উপাধি কী ছিল?
- (ঢ) দৌলত কাজী আরাকানের কোন রাজার আনুকূল্যে কত খ্রিস্টাব্দে 'লোরচন্দ্রাণী ও সতীমহনা' গ্রন্থটি রচনা করেন?
- (ণ) কমলাকান্ত ভট্টাচার্য কোন রাজসভার আনুকূল্যে লাভ করেন?